

চিঠি

চিঠিপত্র

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকসংকট

লেখা: মো. সাইদুর রহমান

প্রকাশ: ২৮ ডিসেম্বর ২০২৪, ১৭: ৫৮



শিক্ষকসংকট শুধু একটি বিভাগের সমস্যা নয়, এটি শিক্ষার্থীদের স্বপ্ন ও ভবিষ্যতের ওপর সরাসরি প্রভাব ফেলে। একজন শিক্ষার্থী যদি তার পুরো শিক্ষাজীবন শিক্ষকসংকটে কাটিয়ে দেয়, তবে এর প্রভাব সে সারা জীবন বহন করতে বাধ্য হয়।

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন ধরে এমন শিক্ষকসংকট বিরাজ করছে। বিশেষত আইন ও ভূমি প্রশাসন অনুষদে এই সংকট অত্যন্ত প্রকট। এই বিভাগে অনার্স ও মাস্টার্স প্রোগ্রাম চালু থাকলেও শিক্ষক রয়েছেন

মাত্র পাঁচজন। যেখানে বিশ্ববিদ্যালয়টির গড়ে শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১৬:১, সেখানে আইন ও ভূমি প্রশাসন বিভাগে অনুপাত দাঁড়িয়েছে প্রায় ৬৮:১।

এটি বিভাগের শিক্ষার্থীদের জন্য চরম হতাশার কারণ হয়ে দাঁড়িয়েছে। অতএব, বিনীত অনুরোধ, কর্তৃপক্ষ যেন অতি দ্রুত এই শিক্ষকসংকট নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে।

মো. সাইদুর রহমান

শিক্ষার্থী, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

